# সরকারি শামসুর রহমান ডিগ্রি কলেজ
## নির্বাচনী পরীক্ষা -২০২১
## একাদশ শ্রেণী (বি.এম শাখা)
### হিসাববিজ্ঞান নীতি ও প্রয়োগ-১
### বিষয় কোডঃ ১৮১৫

সময়ঃ ৩ ঘন্টা　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমানঃ ৪৫

[দ্রষ্টব্যঃ ক-বিভাগ হতে যে-কোনো চারটি, খ-বিভাগ হতে যে-কোনো তিনটি এবং গ-বিভাগের একটি প্রশ্নের উত্তর দাও।]

**ক-বিভাগ (মানঃ ৩ × ৪ = ১২)**

১। "হিসাববিজ্ঞান কলা ও বিজ্ঞান উভয়ই"- ব্যাখ্যা কর।
২। জাবেদাকে হিসাবের সহকারী বহি ও মৌলিক বহি বলা হয় কেন?
৩। বিভিন্ন প্রকার হিসাবের ডেবিট ও ক্রেডিট নির্ণয় পদ্ধতি আলোচনা কর।
৪। বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয় কাকে বলে? উদাহরণ দাও।
৫। খতিয়ানের গুরুত্ব ও প্রয়োজনীয়তা আলোচনা কর।
৬। নগদান বহি এবং পাশ বহির উদ্বৃত্ত পার্থক্যের কারণগুলো কী কী?
৭। মূল্য সংযোজন কর কী?

খ-বিভাগ (মানঃ ৭×৩ = ২১)

৮। ২০১৭ সালের ১ জানুয়ারি তারিখে জনাব হাসান নগদ ২,০০,০০০ টাকা এবং ১,৫০,০০০ টাকার মালামাল নিয়ে ব্যবসায় আরম্ভ করলেন।

২০১৭
জানুয়ারি
০২　সোনালী ব্যাংকে হিসাব খোলা হলো ৩০,০০০ টাকা।
০৬　আবিদের নিকট পণ্য বিক্রয় ১৮,০০০ টাকা।
১০　চেকের মাধ্যমে পণ্য বিক্রয় ২২,০০০ টাকা।
১৫　কমিশন পাওয়া গেল ৫,০০০ টাকা।
২০　কারবার হতে উত্তোলন করা হলো ১০,০০০ টাকা।
৩০　অনাদায়ী পাওয়া ধার্য করা হলো ৭,০০০ টাকা।

**করণীয়ঃ** জনাব হাসান এর বহিতে উপরিউক্ত লেনদেনগুলোর জাবেদা তৈরি কর।

৯। নিম্নোক্ত তথ্যাবলি অবলম্বন করে হাবিব ট্রেডার্স এর ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখের জন্য একখানা ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করঃ
(i)　২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে নগদান বই মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্ত ৯০,০০০ টাকা।
(ii)　দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে জমা ২৫,০০০ টাকা, যা নগদান বইতে লেখা হয় নি।
(iii)　পাওয়নাদার বরাবর ইস্যুকৃত ২৮,০০০ টাকার একটি চেক ব্যাংক কর্তৃক পরিশোধ হয় নি।
(iv)　দেনাদার থেকে প্রাপ্ত ৩০,০০০ টাকার একটি চেক ব্যাংকে জমা দেয়া হয়েছে, যা ব্যাংক কর্তৃক আদায় হয় নি।
(v)　ব্যাংক কর্তৃক ১০,০০০ টাকার প্রাপ্য বিল আদায় হয়েছে কিন্তু নগদান বইতে লেখা হয় নি।
(vi)　ব্যাংক কর্তৃক মঞ্জুরীকৃত সুদ ৬০০ টাকা এবং ধার্যকৃত চার্জ ৩০০ টাকা নগদান বইতে লিপিবদ্ধ হয় নি।

১০। ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে সুজন ট্রেডার্স এর নিম্নলিখিত তথ্যাবলি থেকে সমন্বয় জাবেদা দাখিলা দেখাওঃ
(ক) সমাপনী মজুদ পণ্য ১,৮০,০০০ টাকা।
(খ) অগ্রিম বিমা সেলামির পরিমাণ ৫,০০০ টাকা।
(গ) বিনিয়োগের সুদ অনাদায়ী রয়েছে ১০,০০০ টাকা।
(ঘ) বেতন বকেয়া রয়েছে ৮,০০০ টাকা।
(ঙ) বছরের শেষে মনিহারি অব্যবহৃত রয়েছে ১,৫০০ টাকা।
(চ) ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ৭,০০০ টাকা।
(ছ) আসবাবপত্রের উপর অবচয় ধার্য কর ৮,০০০ টাকা।

১১। জনাব আহমদ একজন খুচরা ব্যবসায়ী। তিনি তার হিসাবের বই যথাযথভাবে সংরক্ষণ করেন না। তাঁর হিসাবের বই হতে নিম্নলিখিত খতিয়ান উদ্বৃত্তগুলো দেয়া হলো ।

| সম্পদ ও দায়সমূহ | ০১-০১-২০১৭ (টাকা)। | ৩১-১২-২০১৭ (টাকা) |
|---|---|---|
| নগদ তহবিল | ৫,০০০ | ১০,০০০ |
| ব্যাংক জমার উদ্বৃত্ত | ৫০,০০০ | ৮০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৭০,০০০ | ৮০,০০০ |
| মজুদ পণ্য | ৮০,০০০ | ১,০০,০০০ |
| আসবাবপত্র | ২,০০,০০০ | ২,০০,০০০ |
| প্রদেয় হিসাব | ৪০,০০০ | ৫০,০০০ |
| প্রদেয় নোট | ১০,০০০ | ১৫,০০০ |

জনাব আহমদ কারবার হতে নগদ ১০,০০০ টাকা এবং ৫,০০০ টাকার পণ্য উত্তোলন করেন। তিনি তাঁর ব্যক্তিগত তহবিল হতে কারবারের জন্য ৫০,০০০ টাকা মূল্যের একখানা, ডেলিভারি ভ্যান ক্রয় করেন।

অন্যান্য তথ্যাবলিঃ (i) বেতন বকেয়া রয়েছে ৫,০০০ টাকা। (ii) আসবাবপত্রের উপর ১০% হারে অবচয় ধার্য করতে হবে। (iii) প্রাপ্য হিসাবের উপর ১০% হারে অনাদায়ী পাওয়া সঞ্চিতি তৈরি কর। (iv) প্রারম্ভিক মূলধনের উপর ১০% হারে সুদ ধার্য কর।

তোমার করণীয়ঃ (ক) ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য লাভ-লোকসান বিবরণী এবং (খ) উক্ত তারিখের বৈষয়িক বিবরণী।

১২। অনিম এন্টারপ্রাইজের ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিলটি নিম্নরূপ :

অনিম এন্টারপ্রাইজ
রেওয়ামিল
৩১ ডিসেম্বর ২০১৭

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| নগদ | ৪০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৬০,০০০ | |
| সাপ্লাইজ | ৮,০০০ | |
| অগ্রিম বিমা | ৫,০০০ | |
| অফিস সরঞ্জাম | ৭৫,০০০ | |
| পুঞ্জীভূত অবচয়- অফিস সরঞ্জাম | | ৫,০০০ |
| প্রদেয় হিসাব | | ১৭,০০০ |
| মূলধন | | ১,৩০,০০০ |
| উত্তোলন | ২,০০০ | |
| সেবা আয় | | ৩৬,০০০ |
| বেতন খরচ | ১০,০০০ | |
| সেবা আয় | | ১২,০০০ |
| | ২,০০,০০০ | ২,০০,০০০ |

**অন্যান্য তথ্যাবলিঃ**

(i) ৩১ ডিসেম্বর ২০১৭ সাপ্লাইজ ব্যবহৃত হয়েছে ২,০০০ টাকা। (ii) অগ্রিম বিমার ২,০০০ টাকা উত্তীর্ণ হয়েছে। (iii) অফিস সরঞ্জামের উপর ৩,০০০ টাকা অবচয় ধার্য করতে হবে।

**করণীয়ঃ** ১০ (দশ) কলামবিশিষ্ট, একখানা কার্যপত্র তৈরি কর।

## গ-বিভাগ (মানঃ ১২×১ = ১২)

১৩। ইমান ট্রেডার্সের ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপঃ

**ইমান ট্রেডার্স**
**রেওয়ামিল**
**৩১ ডিসেম্বর ২০১৭**

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| নগদ | ৫০,০০০ | |
| মজুদ পণ্য (০১-০১-২০১৭) | ২৫,০০০ | |
| দালানকোঠা | ২,৫০,০০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | ৫৫,০০০ | |
| পণ্য ক্রয় ও পণ্য বিক্রয় | ৩,৬০,০০০ | ৫,২০,০০০ |
| ক্রয় ফেরত | | ১২,০০০ |
| বিক্রয় ফেরত | ১০,০০০ | |
| অফিস খরচ | ৩০,০০০ | |
| ভাড়া | ৩৯,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৯৫,০০০ | |
| প্রদেয় হিসাব | | ৭৫,০০০ |
| বেতন | ২৭,০০০ | |
| মূলধন | | ২,২৪,০০০ |
| ১৫% ঋণ (০১-০১-২০১৭) | | ২,৭৪,০০০ |
| ১০% বিনিয়োগ (০১-০১-২০১৭) | ২,২৪,০০০ | |
| | ১১,১০,০০০ | ১১,১০,০০০ |

**সমন্বয়সমূহঃ**

(i) ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ১,০০,০০০ টাকা। (ii) বেতন বকেয়া রয়েছে ১০,০০০ টাকা। (iii) ভাড়া অগ্রিম প্রদান করা হয়েছে ৯,০০০ টাকা। (iv) দালানকোঠার উপর ৫% অবচয় ধার্য করতে হবে। (v) প্রাপ্য হিসাবের ৩,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট প্রাপ্য হিসাবের উপর ৫% হারে অনাদায়ী পাওয়া সঞ্চিতি ধার্য করতে হবে।

**তোমার করণীয়ঃ** ২০১৭ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্যঃ

(ক) বিশদ আয় বিবরণী।

(খ) মালিকানা স্বত্ব বিবরণী

(গ) আর্থিক অবস্থার বিবরণী।